

এক্সপান্ডেড আনএমপ্লয়মেন্ট বেনিফিটস

আনএমপ্লয়মেন্ট ইন্সুরেন্স (ইউ আই) বা বেকারত্ব বীমার অর্থ সেই ব্যক্তিদের দেওয়া হয় যারা চাকুরি হারিয়েছেন এবং নির্দিষ্ট যোগ্যতার মাপকাঠি পূরণ করেন। কোভিড-১৯ মহামারীর সময়ে মার্কিন সরকার এবং মিশিগান স্টেট বেকারত্ব বীমা ব্যবস্থায় পরিবর্তন এনেছে যা আনএমপ্লয়মেন্ট ইন্সুরেন্স সুবিধাগুলি পাওয়ার জন্য অতিরিক্ত শ্রেণীর ব্যক্তিদেরও সুযোগ করে দিয়েছে।

বেকারত্ব সুবিধা পাবার যোগ্যতা

আপনি মিশিগানে বেকারত্ব সুবিধার পাবার জন্য যোগ্য হবেন যদি নিম্নলিখিত বিষয়গুলি আপনার ক্ষেত্রে প্রযোজ্য হয়ঃ

- আপনাকে চাকুরী থেকে ছাঁটাই, বরখাস্ত বা সাময়িক ছুটি দেওয়া হয়েছে
- আপনার কর্মস্থল বন্ধ হয়ে গেছে
- আপনি কাজ করতে পারবেন না কারণ আপনাকে অবশ্যই স্কুল বন্ধ হওয়ার কারণে বাচ্চাদের যত্ন নিতে হবে অথবা পরিবারের কোনও সদস্য করোনানাভাইরাসের সংস্পর্শে আসার ফলে আপনাকে তার অবশ্যই যত্ন নিতে হবে
- আপনার রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল বা আপনি নিজেই অন্যদের কাছ থেকে পৃথক রাখতে বাধ্য হচ্ছেন, এবং আপনি পরিবারিক ও মেডিকেল ভিত্তিক ছুটি বা অক্ষমতা (ডিজিবিলাটি) বেনিফিট পাচ্ছেন না
- আপনার আত্মকর্মসংস্থান আছে, আপনি একজন স্বল্প বেতনের কর্মী, বা গিগ কর্মী (যেমন-স্বতন্ত্র ঠিকাদার, ফ্রি ল্যান্সার ইত্যাদি) এবং কোভিড-১৯ এর কারণে আয় হারিয়েছেন
- আপনার বেকারত্ব ভাতা শেষ হয়ে গেছে।

আবেদন করতে আমার যা যা লাগবে

সফলভাবে একটি বেকারত্ব সুবিধার আবেদন করতে আপনার নিম্নোক্ত ডকুমেন্টসমূহের প্রয়োজন হবেঃ

- সোস্যাল সিকিউরিটি নম্বর
- স্টেট এর ইস্যু করা ড্রাইভার্স লাইসেন্স বা আইডি
- আপনার কর্মস্থলের নাম ও ঠিকানা, প্রথম ও শেষ দিনের কাজের তারিখ, মোট বেতনের (ট্যাক্স কাটা ব্যতীত) পরিমাণ সহ বিগত ১৮ মাসের কাজের তথ্য
- আপনার ঠিকানা, ফোন নম্বর এবং জন্ম তারিখ
- গ্রীনকার্ড বা আবাসিক এলিয়েন স্ট্যাটাসধারীঃ রেজিস্ট্রেশন কার্ড এবং আপনার কাজের অনুমোদন কার্ডের মেয়াদোত্তীর্ণের তারিখ

লক্ষ্য করুন

বেকারত্ব সুবিধাটি পাবলিক চার্জ বিধির আওতায় পাবলিক সুবিধা হিসেবে বিবেচনা করা হয় না।

বেকারত্ব সুবিধার জন্য সঠিকভাবে আবেদন করলে আপনার বর্তমান বা ভবিষ্যতে অভিবাসন

স্ট্যাটাসের উপর কোনও প্রভাব ফেলবে না।

যেভাবে আবেদন করতে হবে

আপনি মিশিগানে বেকারত্ব সুবিধার জন্য আপনার কর্মের শেষ দিন থেকে অনলাইনে বা ফোন করে আবেদন করতে পারেন। অনলাইনে আবেদনটি কেবল ইংরেজী ভাষাতে

পাওয়া যায়। অনলাইনে আবেদন করতে ভিজিট করুন michigan.gov/uia অন্যান্য ভাষায় **অনুবাদের ব্যবস্থা রয়েছে** এই নম্বরে (৮৬৬) ৫০০-০০১৭ (সোমবার থেকে শুক্রবার সকাল ৮টা থেকে সন্ধ্যা ৬টা, শনিবার সকাল ৭টা থেকে দুপুর ২টা)।

আপনি কখন আবেদন করতে পারবেন তা নির্ভর করবে আপনার নামের শেষাংশের প্রথম

নামের শেষাংশ শুরু হয়	অনলাইন আবেদন করুন michigan.gov/uia	ফোন করে আবেদন করুন (৮৬৬) ৫০০-০০১৭
A থেকে L	সোমবার, বুধবার, শুক্রবার	সোমবার, বুধবার
M থেকে Z	রবিবার, মঙ্গলবার, বৃহস্পতিবার	মঙ্গলবার, বৃহস্পতিবার
আপনার যদি আবেদনের দিনসমূহ চলে যায়	শনিবার	শুক্রবার, শনিবার

আপনি যে পরিমাণ অর্থ পেতে পারেন

মিশিগানে বেকারত্ব (ইউ আই) সুবিধার সর্বোচ্চ পেমেন্ট হলো প্রতি সপ্তাহে ৩৬২ ডলার। কোভিড-১৯ মহামারীর প্রতিক্রিয়ায় পাস হওয়া CARES ACT এর অধীনে বেকারত্ব সুবিধাপ্রাপ্তরা পেডেমিক আনএমপ্লয়মেন্ট কম্পেন্সেশন (পি ইউ সি) হিসেবে প্রতি সপ্তাহে আরও অতিরিক্ত ৬০০ ডলার করে পেতে পারেন। এই অর্থ পাওয়া যাবে প্রতি সপ্তাহের বেনিফিটের সাথে ২৯ মার্চ, ২০২০ থেকে ৩১ জুলাই, ২০২০ এর মধ্যে।

আপনি আবেদন করার পর

আপনি ডাইরেক্ট ডিপোজিট বা আপনাকে প্রদত্ত একটি ডেবিট কার্ডের মাধ্যমে অর্থ গ্রহণ করতে পারেন।

বেকারত্ব সুবিধার অর্থ পেতে আপনাকে **প্রতি দুই সপ্তাহে একবার আপনার**

যোগ্যতার প্রমাণীকরণ করতে হবে। আপনি অনলাইনে বা ফোনে তা করতে পারেন।

• অনলাইনে যোগ্যতার প্রমাণীকরণ করতে ভিজিট করুন michigan.gov/uia এবং আপনার MiWAM একাউন্টে লগ ইন করুন।

• ফোনে যোগ্যতার প্রমাণীকরণ করতে কল করুন ৮৬৬-৬৩৮-৩৯৯৩, সোমবার থেকে শনিবার, সকাল ৮টা থেকে সন্ধ্যা ৭টা।

কোভিড-১৯ সম্বন্ধীয় আরও তথ্যসম্পদের জন্য ভিজিট করুন globaldetroitmi.org/covid19